চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

২৬ মার্চ ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে ৪৮ তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্যাপিত

দিনব্যাপি নানা কর্মসূচির মধ্যদিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে ৪৮ তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্যাপিত হয়েছে। দিবসের কর্মসূচিতে ছিল নগরভবনে জাতীয় পতাকা উত্তোলন, স্বাধীনতার শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে কেন্দ্রীয় শহীদ মিনারে শহীদ বেদিতে পুষ্পমাল্য অর্পণ, নগরভবনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য দান, নগরীর বাকলিয়াস্থ সিটি কর্পোরেশন ষ্টেডিয়ামে সকাল ৮ টায় একযোগে জাতীয় সঙ্গীত পরিবেশন, সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের গাইড, স্কাউট, রোভার, রেঞ্জার, কাব এবং ছাত্র-ছাত্রীদের কুচকাওয়াজ, ডিসপ্লে ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন নগরভবনে জাতীয় পতাকা উত্তোলন, স্বাধীনতার শহীদদের স্মৃতির প্রতি কেন্দ্রীয় শহীদ মিনারে শহীদ বেদিতে পুষ্পমাল্য দিয়ে শ্রদ্ধা নিবেদন, নগরভবনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করে দিবসের কর্মসূচি সূচনা করেন। তিনি সকাল ৮ টায় বাকলিয়া স্টেডিয়ামে অনুষ্ঠিত স্কুল-কলেজের গাইড, স্কাউট, রোভার, রেঞ্জার, কাব এবং ছাত্র-ছাত্রীদের কুচকাওয়াজে সালাম গ্রহন করেন ।মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত কুচকাওয়াজ ও ডিসপ্লে কর্মসূচির শুরুতে ফেষ্টুন, বেলুন ও পায়রা উড়িয়ে কর্মসূচির উদ্বোধন করেন। এর পূর্বে জাতীয় সঙ্গীতের সাথে সাথে মেয়র জাতীয় পতাকা এবং প্রধান নির্বাহী কর্মকর্তা সিটি কর্পোরেশনের পতাকা উত্তোলন করেন। পরে বাকলিয়া ষ্টেডিয়ামে অনুষ্ঠিত কুচকাওয়াজ ও ডিসপ্লেতে অংশগ্রহনকারীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন মেয়র আ জ ম নাছির উদ্দীন। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন

শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি নাজমুল হক ডিউক। অনুষ্ঠানে প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, ৩৩ নং ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, এইচ এম সোহেল, মিসেস আবিদা আজাদ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মোহাম্মদ আবুল হোসেন,প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুস্তাফিজুর রহমান, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, প্রধান প্রকৌশলী লে. কর্নেল মহিউদ্দিন আহমদ, নির্বাহী ম্যাজিষ্ট্রেট মিসেস আফিয়া আখতার, স্পেশাল মেজিস্ট্রেট জাহানারা ফেরদৌস, প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা মো. সাইফুদ্দিন, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা সফিকুল মন্নান সিদ্দিকী, উপসচিব আশেক রসুলচৌধুরী টিপুসহ জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, শিক্ষা কর্মকর্তা সিদ্ধার্থ কর ও মো. সাইফুর রহমান সহ কলেজের অধ্যক্ষ, স্কুলের প্রধান শিক্ষক ও অন্যরা উপস্থিত ছিলেন। পুরস্কার বিতরণ এবং স্বাধীনতা ও জাতীয় দিবসের কর্মসূচি শুভ উদ্বোধনকালে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা ধারন করে নতুন প্রজন্মকে নীতি নৈতিকতায় মূল্যবোধ সম্পন্ন আলোকিত মানুষ হতে হবে। আগামীর নিরাপদ বাংলাদেশ ও সমৃদ্ধির জন্য বর্তমান প্রজন্মকেই দায়িত্ব নিতে হবে। মেয়র শিক্ষার্থীদের পড়ালেখায় মনোনিবেশ করে উন্নত ফলাফল ও মানসম্মত শিক্ষা অর্জন করার পরামর্শ দেন। পরে মেয়র কুচকাওয়াজ ও ডিসপ্লেতে অংশ নিয়ে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের নিকট পুরস্কার তুলে দেন।

২৬ মার্চ ২০১৮ খ্রি.

৮ জন গুনিব্যক্তিকে স্বাধীনতা স্মারক সম্মাননা পদক ও পুরস্কার প্রদান

৪৮তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নগরীর ৮ জন বিশিষ্ট নাগরিক ও গুনী ব্যক্তিকে স্বাধীনতা স্মারক সম্মাননা পদক প্রদান করেছে। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২৬ মার্চ ২০১৮খ্রি. সোমবার, বিকেলে নগরীর থিয়েটার ইনস্টিটিউট মিলনায়তনে মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা আন্দোলনে অবদানের জন্য সাবের আহমেদ আসগারি, সাংবাদিকতায় অঞ্জন কুমার সেন, শিক্ষায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ইফতেখার উদ্দীন

চৌধুরী,সাংস্কৃতিক ব্যক্তিত্ব আহমদ ইকবাল হায়দার, চিকিৎসায় প্রফেসর এল এ কাদেরী, নারী আন্দোলনে ফাহমিদা আমিন (মরনোত্তর), সমাজ সেবায় বিশিষ্ঠ শিল্পপতি সাইফুল আলম মাসুদ এবং ক্রীড়ায় এডভোকেট শাহীন আফতাবুর রেজা চৌধুরী কে স্বাধীনতা স্মারক সম্মাননা পদক তুলে দেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন। স্বাধীনতা পদক বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ২৪নং ওয়ার্ড কাউন্সিলর, শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি নাজমুল হক ডিউক। এতে প্রধান অতিথি ছিলেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন। এতে বিশেষ অতিথি ছিলেন প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মোহাম্মদ আবুল হোসেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুস্তাফিজুর রহমান, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, উপসচিব আশেক রসুল চৌধুরী টিপু। অনুষ্ঠানটি উপস্থাপনায় ছিলেন জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম। পদকপ্রাপ্তদের মধ্যে অনুভূতি ব্যক্ত করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ইফতেখার উদ্দীন চৌধুরী,অঞ্জন কুমার সেন, প্রফেসর এল এ কাদেরী,আহমদ ইকবাল হায়দার, এডভোকেট শাহীন আফতাবুর রেজা চৌধুরী এবং সাবের আহমেদ আসগারির পক্ষে তার কন্যা সানজিদা আহমেদ। পদক প্রদান অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, চট্টগ্রামবাসী গুনীজনদের উপযুক্ত মূল্যায়ন এবং মহান স্বাধীনতা যুদ্ধের মর্যাদা সমুন্নত রাখতেই চসিক প্রতিবছর স্বাধীনতা পদক প্রদান করে যাচ্ছে। তিনি বলেন, স্বাধীনতা যুদ্ধে বিরল অবদানের জন্য এবং ব্রিটিশ বিরোধী আন্দোলনের কারনে চট্টগ্রাম এর গুরুত্ব নানাদিক থেকে বেশি। মেয়র বলেন, ১৯৭১ সনে ২৬ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধুর পক্ষে চট্টগ্রাম থেকে স্বাধীনতার ঘোষনা দেন জননেতা এম এ হান্নান। চট্টগ্রাম ব্রিটিশ ও পাকিস্তান বিরোধী আন্দোলনের তীর্থস্থান এবং গনতন্ত্র ও অধিকার আদায়ের গুরুত্বপূর্ণ এলাকা। মেয়র আ জ ম নাছির উদ্দীন এ প্রসঙ্গে বলেন, স্বাধীনতার পর ৪৭ বছর একটি দীর্ঘ সময় অতিক্রান্ত হয়েছে এসময়ের মধ্যে দেশ আরো সামনে যাওয়ার সুযোগ ছিল।

কিন্তু নানাভাবে অহেতুক বিতর্ক সৃষ্টি, বিভক্তি ও বিভাজন এর মাধ্যমে দেশের উন্নয়ন ও অগ্রগতিকে বাধাগ্রস্থ করা হয়েছে। তিনি জাতীয় স্বার্থে পরচর্চা, পরনিন্দা এবং পরের সমালোচনা পরিহার করে আত্মসমালোচনায় অভ্যস্ত হয়ে দেশকে সঠিক পথে পরিচালনার বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। উন্নয়ন কর্মকান্ডের নানা প্রসঙ্গ তুলে ধরে মেয়র বলেন, বাংলাদেশ

ধীরে ধীরে উন্নতি ও সমৃদ্ধির দিকে এগিয়ে যাচ্ছে। ইতোমধ্যে জাতিসংঘ বাংলাদেশকে উন্নয়নশীল দেশের তালিকায় অন্তর্ভূক্ত করে দেশকে মর্যাদা দিয়েছে। তা স্বত্বেও চলমান উন্নয়ন ও অগ্রগতির চাকাকে স্তব্দ করতে ১৯৭১ সনের পরাজিত অপশক্তি অপতৎপরতায় এবং ষড়যন্ত্রে লিপ্ত। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, সাম্প্রদায়িক গোষ্ঠি, পরাজিত অপশক্তির সহযোগিতায় দেশে জঙ্গী ও সন্ত্রাসী তৎপরতা চালিয়ে বিদ্যমান শান্তি ও স্থিতিশীলতা নসাৎ করার অপপ্রয়াসে লিপ্ত। মহান স্বাধীনতার এ দিনে অপশক্তিকে প্রতিহত করতে সকলকে ঐক্যবদ্ধ থাকতে হবে। তিনি চট্টগ্রামকে নিরাপদ, স্থিতিশীল, ক্লিন, গ্রিন ও স্মার্ট সিটিতে পরিনত করার কর্মপরিকল্পনা তুলে ধরে চট্টগ্রামের গুনী ও বিশিষ্ট জনদের সহযোগিতা কামনা করেন। পরে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে আয়োজিত রচনা, সাধারণ নৃত্য, দেশের গান, উপস্থিত বক্তৃতা ও চিত্রাংকন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন